

(৫০০৮০)

তারবার্তাঃ

বাংলা ব্যাংক

দূরাল্পনী : ৭১২৬১০১-২০

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

কৃষি ঋণ ও স্পেশাল

প্রোগ্রামস বিভাগ

(শিল্প উপ বিভাগ)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার নং ০১

তাং ০৭/০২/২০০৭ ইং

বাংলাদেশের সকল তফসিলী

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

স্মল এন্টারপ্রাইজ খাতে মহিলা উদ্যোক্তাদের পুনঃঅর্থায়ন স্কীম।

দেশের শিল্প উন্নয়নকে সুসম ও সংগঠিত করার লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে (এসএমই) মহিলা উদ্যোক্তাদের জন্য সহজশর্তে অধিকতর প্রাতিষ্ঠানিক ঋণসুবিধা নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্মল এন্টারপ্রাইজ (এসএমই) খাতের সমুদয় অর্থের নূন্যতম ১০% বরাদ্দ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। নিম্নলিখিত বৈশিষ্ট্য ও শর্তাবলীর আওতায় উপরোক্ত অর্থ ব্যবহৃত হবে :

১. স্মল এন্টারপ্রাইজের সংজ্ঞা :

স্মল এন্টারপ্রাইজকে নিম্নোক্ত তিনটি স্তরে বিভক্ত করা হয়েছে-

(ক) সেবা খাত : এক্ষেত্রে মোট সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ৫০,০০০.০০ টাকা থেকে ৩০,০০,০০০.০০ টাকা এবং কর্মরত লোকবল অনুর্ধ্ব ৩০ জন।

(খ) ব্যবসা খাত : এক্ষেত্রে মোট সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ৫০,০০০.০০ টাকা থেকে ৫০,০০,০০০.০০ টাকা এবং কর্মরত লোকবল অনুর্ধ্ব ২০ জন।

(গ) শিল্প খাত : এক্ষেত্রে মোট সম্পদের পরিমাণ ভূমি ও ইমারত ব্যতীত ৫০,০০০.০০ টাকা থেকে ১,০০,০০,০০০.০০ টাকা এবং কর্মরত লোকবল অনুর্ধ্ব ৬০ জন।

২. ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের বিতরণকৃত মেয়াদী বা চলতি মূলধন বাবদ এককক্ষেত্রে ১.০০ লক্ষ টাকা থেকে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের বিপরীতে ব্যাংক রেটে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সর্বোচ্চ ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা দেয়া হবে।

৩. মহিলা উদ্যোক্তাখাতে বরাদ্দকৃত অর্থ ঘূর্ণায়মান পদ্ধতিতে পুনঃঅর্থায়নের জন্য ব্যবহৃত হবে।

৪. ব্যবসা-বাণিজ্য ও উৎপাদনশীল খাতে নারী উদ্যোক্তাদেরকে উৎসাহিত করার লক্ষ্যে গ্রাহক পর্যায়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক আরোপিত সুদের হার ব্যাংক রেট +৫% (সর্বোচ্চ) এর মধ্যে সীমিত রাখতে হবে।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

৫. ব্যক্তিগত গ্যারান্টিকে জামানত হিসেবে বিবেচনা করে ১৫ লক্ষ টাকা পর্যন্ত প্রদত্ত ঋণ সুবিধা সহায়ক জামানত ব্যতিরেকে প্রদানের বিষয়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ বিবেচনা করতে পারবে। প্রয়োজনবোধে Domestic Factoring এর অধিকতর ব্যবহার করা যাবে।
৬. তহবিল ব্যবস্থাপনার সুবিধার্থে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ষান্মাসিক ভিত্তিতে স্কীমের আওতায় সম্ভাব্য ঋণ বিতরণের পরিমাণের একটি আগাম প্রাক্কলন বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে। বাংলাদেশ ব্যাংক প্রয়োজনে এই তহবিল থেকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য আগাম অর্থায়ন বরাদ্দ করবে, যা পরবর্তীতে পুনঃঅর্থায়ন করা হবে।
৭. আগাম অর্থায়ন বরাদ্দ করা হবে না এমন ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত ছকে প্রতি তিনমাস পর পর স্কীমের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন পেশ করবে।
৮. পুনঃঅর্থায়নবাবদ গৃহীত ঋণ নিম্নোক্ত পদ্ধতিতে পরিশোধযোগ্য হবে :
- ক) চলতি মূলধন : ঋণ গ্রহণের তারিখ থেকে ৬ মাস রেয়াতী সময়সহ অর্জিত সুদসমেত দু'টি সমান ষান্মাসিক
কিস্তিতে এক বছরে পরিশোধযোগ্য।
- খ) মধ্য-মেয়াদী ঋণ : ঋণ গ্রহণের তারিখ থেকে ১ বৎসর রেয়াতী সময়সহ অর্জিত সুদসমেত সমান ৪টি ষান্মাসিক কিস্তিতে তিন বছরে পরিশোধযোগ্য।
- গ) দীর্ঘ মেয়াদী ঋণ : ঋণ গ্রহণের তারিখ থেকে অর্জিত সুদসমেত ১ বছর রেয়াতী সময়সহ সমান ৮টি ষান্মাসিক
কিস্তিতে পাঁচ বছরে পরিশোধযোগ্য।
৯. পরিশোধসূচী অনুযায়ী সুদসহ পুনঃঅর্থায়িত অর্থের কিস্তি নির্ধারিত তারিখে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাব থেকে কর্তন করে নেয়া হবে।
১০. ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, বিতরণ, দলিল সম্পাদন, ডেট ইকুইটি অনুপাত, মার্জিন ও ঋণের সদ্যবহার সম্পর্কিত বিষয়াদি ঋণ প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বিধিবিধান ও ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে। বিতরণকৃত ঋণ আদায়ের দায়দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপর ন্যস্ত থাকবে। ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধের সম্পর্ক থাকবে না।

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

১১. কনজুমার ঋণ বা ব্যক্তিগত ঋণের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না।

১২. স্কীমের সুবিধা গ্রহণে ইচ্ছুক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পুনঃঅর্থায়ন গ্রহণের প্রাক্কালে প্রতিশ্রুতিপত্র (D P Note) দিতে হবে।

১৩. ভুল তথ্য প্রদানের মাধ্যমে কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করলে, গৃহীত অর্থ ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিক হারে সুদসহ এককালীন আদায়যোগ্য হবে।

১৪. পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণের সদ্যবহার সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/বিবরণী অর্থায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংরক্ষণ ও সরবরাহ করবে।

১৫. উপরে উল্লিখিত পুনঃঅর্থায়ন সুবিধা অত্র সাকুলার জারীর পরে বিতরণকৃত ঋণের ক্ষেত্রেই কেবলমাত্র প্রযোজ্য হবে।

১৬. অর্থায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নির্বাচিত শাখাসমূহে নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ পরামর্শ ও সেবাকেন্দ্র স্থাপন করবে এবং নারী উদ্যোক্তাদের সাথে সেবাবান্ধব আচরণ নিশ্চিত করবে।

আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এতদুদ্দেশ্যে আবশ্যিক পুনঃঅর্থায়নের আবেদন ও প্রতিশ্রুতি পত্রের নমুনা বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ থেকে সংগ্রহের পরামর্শ দেয়া হল।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দাশগুপ্ত অসীম কুমার)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৯৪৭